# Clause in Details

→ Definite এর সংজ্ঞা: clause বলতে সাধারণত এমন এক গুচ্ছ words কে বুঝায় যেখানে কমপক্ষে একটি subject ও একটি Finite verb থাকে। (তবে আধুনিক ইংরেজীতে একটি শব্দ দিয়েও clause হতে পারে। যেমন: Go, Do, sleep ইত্যাদি।)

Finite verb এর সংজ্ঞা: যে verb দেখে/দ্বারা tense চেনা যায় তাকে Finite verb বলে।

সুতরাং উপরের সংজ্ঞা থেকে আমরা একটি clause এর তিনটি বৈশিষ্ট পাই।

যথা:

১. একগুচ্ছ words থাকবে।
২. একটি subject থাকবে।
৩. একটি Finite verb থাকবে।

যেমন:

- He (S) takes (F.V) tea.

ব্যাখ্যা: উপরের বাকটিতে clause হওয়ার জন্য যে যে তিনটি বৈশিষ্ট প্রয়োজন তার ৩টিই রয়েছে। ১. একগুচ্ছ words = he takes, এগুলো।

২. একটি Subject, যথা: "he"
৩. একটি finite verb, যথা: "takes"

- The little boy came to me yesterday. (ছোট ছেলেটি গতকাল আমার কাছে এসেছিল।)

ব্যাখ্যা: উপরের বাক্যটিতে clause হওয়ার জন্য যে তিনটি বৈশিষ্ট প্রয়োজন তার ৩টিই রয়েছে।


১. একগুচ্ছ words = (The, little, boy, came, to, me এবং yesterday)
২. একটি Finite verb = (came) কারণ came "verb" টি দেখে past tense চেনা যায়।

## আরও কিছু কথা

- She phoned me last night. (সে আমাকে গত রাতে কল করেছিল।)
- If she phones me today. (আজ যদি সে আমাকে ফোন করে।)
- Raju is going to start a business. (রোজ একটি ব্যবসা শুরু করতে যাচ্ছে।)

ব্যাখ্যা: উপরের তিনটি sentence গুলো এক একটা clause কারণ সেখানে এক গুচ্ছ words ও একটি subject ও Finite verb আছে।

# Clause প্রধানত তিন প্রকার




## Independent (স্বাধীন) clause/principal clause/main clause

**সংজ্ঞা:** যে clause অন্য clause এর সাহায্য ছাড়া নিজের অর্থ নিজেই সম্পূর্ণভাবে প্রকাশ করতে পারে তকে (স্বাধীন) clause/independent clause বলে।

অন্যকাথায়, এই clause কে "a host in oneself"- একাই একশো বলা হয়।

**যেমন:**

- As he is sick (D.C), he is not present here. (I.C) (যেহেতু সে অসুস্থ (সেহেতু) সে এখানে উপস্থিত নেই।)

**ব্যাখ্যা:** he is not present here এইটুকু বাক্য পরিপূর্ণ অর্থ প্রকাশ করতে কারো অর্থাৎ (As he is sick) এর সাহায্য নিতে হয়নি তাই he is not present here এই অংশটুকু Independent clause অন্যদিকে As he is sick এই অংশটুকুর অর্থ পরিপূর্ণ না অর্থাৎ principal clause এর সাহায্য নিতে হচ্ছে। তাই As he is sick এখানে Dependent বা অধীন clause.

- We enjoyed the football match, which was amazing. (আমরা ফুটবল খেলাটি উপভোগ করেছিলাম (যেটা) ছিল চমকপ্রদ।)

**ব্যাখ্যা:** এখানে we enjoyed the football match একটি পরিপূর্ণ বাক্যে এবং অর্থ প্রকাশ করতে অন্য কারো সহযোগীতা নিতে হয় নি তাই এই অংশটুকু principle clause. অন্যদিকে which was amazing = যা ছিল চমকপ্রদ এই অংশটুকু এশটি অপূর্ণ বাক্য এবং অর্থের কোন পরিপূর্ণতা পায়না অর্থের পূর্ণতার জন্য Independent clause এর সাহায্য নিতে হয় তাই এই অংশটুকু dependent/Sub-ordinate clause.

- If he did the task (D.C), I could help him (I.C) (যদি সে কাজটি করত, (তাহলে) আমি তাকে সাহায্য করতে পারতাম।)

## Dependent (অধীন) clause/sub-ordinate clause

**সংজ্ঞা:** যে clause অন্য clause এর সাহায্য ছাড়া নিজের অর্থ নিজেই সম্পূর্ণভাবে প্রকাশ করতে পারে না তাকে অধীন clause বা dependence clause বলে। অর্থাৎ'- নিজে খেতে পারে না অন্য কেউ না খাওয়ালে তাকে না খেয়ে থাকতে হবে।

**Note:** পূর্বের তিনটি উদাহরণের মাধ্যমেই আমরা শিখে ফেলেছি যে কোনটা স্বাধীন আর কোনটা অধীন।

## Taring point

### Clause চিনতে গেলে Linking words/inkers গুলো মুখস্ত রাখতে হবে।

1. As/since/because → যেহেতু/কারণ
2. Though/Although → যদিও
3. So that → যাতে, Lest → যাতে ............ না
4. If → যদি, unless → যদি .............. না
5. That/wh-words …… as ………. relative pronoun/Adverb

Note: যে clause এর পূর্বে Linker বা Linking word থাকে সেই clause টি সাধারণত dependent (অধীন) clause বা sub-ordinate clause বলে। আবার linker বা linking word টি সরিয়ে ফেললে dependent (অধীন) clause টি Independent (স্বাধীন) clause বা principal clause হয়ে যায়।

## Dependent clause/sub-ordinate clause চেনার উপায়

এই clause এর পূর্বে relative pronoun (which, what, who, that, whom) relative adverb হিসেবে (when, where, how, why) এবং Adverbial conjunction (while, before, after, as, as soon as, fill, until, because, since thoug-although, if, so that, whenever, wherever, whoever, whatever ইত্যাদি দ্বারা যুক্ত থাকে।

Exam:

- I know <u>when</u> he comes.
- <u>While</u> there is life there is hope.
- I know <u>where</u> he lives

## Co-ordinate clause

সংজ্ঞা: যে Sentence এ সাধারণত দুইটি Independent clause এর মাঝে একটি co-ordination conjunction (and, but, or, not only ……… but also, neither …… nor, either ……… or, other wise, else, both …….. and ইত্যাদি) যুক্ত থাকে তাকে co-ordinate clause বলে।

যেমন:

- The student studied a lot but failed in last step. (ছাত্রটি অনেক পড়াশোনা করেছিলো কিন্তু শেষ পর্যায়ে ব্যর্থ হয়েছিলো।)
- Go ahead or face a new problem. (সামনে এগিয়ে চলো অথবা/নতুবা নতুন সমস্যার সম্মুখীন হও।)
- She is studious and sincere. (সে পড়ুয়া এবং আন্তরিক।)

ব্যাখ্যা: উপরের তিনটি বাক্যতে "but, or, and" দুই পাশে দুইটি main clause কে যুক্ত করেছে। সুতরাং, উপরের তিনটি বাক্যকেই co-ordinate clause বলা হয়।

### শটটেকনিক

Principal clause + co-ordinating conjunction + principal clause

↓

Co-ordinatin clause হবে।

কৌশলঃ FAN BOYES MONA

**F = for, A = and, N = nor, B = but, = O = or, = Y = yet, E = elise, S = so, B = Besides, O = otherwise, M = moreover, A = after all.**

## Sub-ordinate clause আবার ৩ প্রকার

যথাঃ

1. Noun clause.
2. Adjective clause.
3. Adverbial clause.

1. Noun clause: যে clause কোন Sentence এ noun এর কাজ সম্পন্ন করে তাকে Noun clause বলে।

সাধারণত noun clause কে ‘it’ দ্বারা replace করা যায়। তবে এই নিয়ম সবক্ষেত্রে প্রযোজ্য নয়। অনেক সময় ‘it’ দ্বারা replace করা গেলেও সেটি noun clause না হয়ে Adverbial clause ও হতে পারে।

Note: Noun clause এর কাজ/অবস্থান কোন Sentence এ বিভিন্ন রুপে noun clause ব্যবহৃত হতে পারে।

Subject হিসেবে Noun/noun clause বসবে। এটি সাধারণত verb এর পূর্বে বসে Subject হিসেবে Noun এর কাজ করে।

### শর্টকাট

Clause + verb + others.

Subject হিসেবেঃ কোন বাক্যের Subject হিসেবে noun clause বসে। এক্ষেত্রে what, why, how এবং that দিয়ে Subject টি শুরু হয় Shortcut: Subject অংশের clause টি কেটে দিয়ে it বসালে বাক্যের অর্থ তৈরিতে যদি সমস্যা হয় তাহলে বুঝতে হবে উক্ত clause টি noun clause.

ব্যাখ্যাঃ এখানে “is” verb হিসেবে আছে তার পূর্বের অংশটুকুই Noun clause কারণ verb এর পূর্বে Subject **হিসেবে** Noun বসে। অন্যভাবেও বলা যায় যে that দিয়ে বাক্যে শুরু আবার দাগ দেওয়া অংশটুকু কেটে দিয়ে সেখানে “it” বসিয়ে replace করলে যদি অর্থের মিল ও সামঞ্জশ্য থাকে তাহলে সেটি Noun clause.

যেমনঃ

- What you say is known to all. (তুমি যা বল তা সবার কাছে জানা।)

ব্যাখ্যাঃ ঠিক উপরের ব্যাখ্যা অনুযায়ী।

- What he says is not correct. (তুমি যা বলছ তা সঠিক নয়।)

ব্যাখ্যাঃ ১ ও ২ নং ব্যাখ্যা অনুযায়ী।

Note: clause বাক্যের Subject হলে verb টি হয় singular.

object হিসেবে Noun/noun clause বসবে। এটি অবশ্যই verb এর পরে বসে object হিসেবে Noun এর কাজ করে। আর “it” দ্বারা replace করেও noun clause বের করা যায় object হিসেবে।

### শর্টকাট

Subject + transitive verb + clause

Subject + transitive verb + ব্যক্তিগত object + clause (object হিসেবে) বাক্যে transitive verb এর object দুইটিও হতে পারে।

Note: object: verb কে/কাকে দ্বারা প্রশ্ন করলে object হবে আর object মানেই Noun/pronoun হবে। আর pronoun কখনো clause হতে পারে না।

**যেমনঃ**

- I know what he said. (আমি জানি সে কি বলেছিল।)

**ব্যাখ্যাঃ** এখানে "know" verb কে যদি প্রশ্ন করা হয় যে কি জানে উত্তর আসবে what he said তাই what he said টি হল object আবার "it" দ্বারাও Replace করা যায় object অংশটি কোট দিয়ে ঠিক এভাবে (I know it) অতএব what he said টি এখানে object হিসেবে noun clause.

**যেমনঃ**

- I know where he lives. (আমি জানি সে কোথায় বাস করে।)

**ব্যাখ্যাঃ** উপরের ব্যাখ্যার নিয়মঅনুযায়ী।

- I know what you have said. (আমি জানি যা তুমি বলেছ।)

**ব্যাখ্যাঃ** ১ ও ২ নং ব্যাখ্যার নিয়ম অনযায়ী।

## Preparation এর object হিসেবে

Preparation এর object হিসেবে যেমন noun বসে। একই ভাবে preparation এর object হিসেবে noun clause-ও বসতে পারে। আবার "it" দ্বারা replace করা যায়।

**যেমনঃ**

- You cannot depend on what he promises.
- She deeply thinking about what he told her last night.
- I depend on Tahsin.

**ব্যাখ্যাঃ** উপরের ৩টি উদাহরনে যথাক্রমে on, about on preparation থাকায় এবং দাগ দেওয়া অংশটুকু কেটে দিয়ে "it" দিয়ে replace করা যায় তাহলে সেটি অবশ্যই noun clause.

## complement হিসেবে

Linking verb **এর পর** complement হিসেবে noun/noun clause বসবে।

### শর্টকাট

Subject + be verb (linking verb) + clause.

**যেমনঃ**

- It is how we solve. (এটা হচ্ছে যেভাবে আমরা সমাধান করি।)

**ব্যাখ্যাঃ** এখানে is টি হল linking verb আর linking verb এর পর "how we solve" complement হিসেবে Noun clause"

- The reason is why they are native. (কারণ যে তারা স্বদেশীয়।)

ব্যাখ্যা: উপরের নিয়ম অনযায়ী।

- Life is what you make it. (জীবন তাই যেভাবে তুমি একে তৈরি করো।)
- This is what I know. (এই আমি জানি।)

ব্যাখ্যা: ৩ ও ৪ নং উদাহরণে ঠিক ১ ও ২ নং অনুযায়ী।

**Note:** Complement সমন্ধে পূর্ণধারণা পেতে Complement অংশটি দেখে নাও।